গাংনীতে যুবলীগের উদ্যোগে শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী পালিত

গাংনীর মানুষ আমাকে আজও মনে প্রানে ভালবাসে। আমি এমপি থাকাকালীন সময়ে অনেক সুযোগ সুবিধা পাওয়া সত্বেও আমি কোন অবৈধ সুযোগ কাজে লাগানোর চেষ্টা করিনি। মানুষকে হয়রানী করিনি। সকলকে সম্মান করেছি। তাই গাংনীর মানুষ আমাকে আজও মনে রেখে ভালোবসে

গাংনী উপজেলা যুবলীগ আয়েজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

আজ বুধবার বিকেলে গাংনী গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে গাংনী উপজেলা যুবলীগ আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

আলোচনা সভা শেষে একটি শোক র্যালী গাংনী উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে প্রদক্ষিণ করে। র্যালীতে নেতৃত্ব দেন সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ইয়াছিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম মিয়া, প্রবীণ আওয়ামী লীগ নেতা সৈফতুল্লাহ, গাংনী উপজেলা যুবলীগের সহ-সভাপতি আল-ফারুক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা প্রমুখ।

আলোচনা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া মোনাজাত পরিচালনা করেন অনুষ্ঠানের সঞ্চালক উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফিক আহমেদ পলাশ। পরে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

গাংনী উপজেলা কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৫ ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কাথুলী ইউনিয়ন পরিষদে দোয়ার মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রানার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি মিজানুর রহমান রানা।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি ফিরোজ আহম্মেদ পলাশ, বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, ইউ পি সদস্য কাবের আলী,ইউ পি সদস্য আজমাইন হোসেন,আনারুল ইসলাম, বাবুল হোসেন,সহ উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি হাসিবুল ইসলাম,সহ আওয়ামী লীগের ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারি বৃন্দ সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিবসের আলোচনা সভা

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গাংনী মহিলা ডিগ্রি কলেজে জাতীয় ও শোক দিবসের পতাকা উত্তোলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০ টার সময় গাংনী মহিলা ডিগ্রি কলেজে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন, শোক দিবসের পতাকা উত্তোলন করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী।

পরে কলেজের হলরুমে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী। এসমসয় কলেজের অন্যান্য শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে শিপুর উদ্যোগে ১৫ আগস্ট পালন

বঙ্গবন্ধুর শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি ও তরুণ রাজনীতিক শাহিদুজ্জামান শিপু’র উত্তরপাড়ার রাজনৈতিক কার্যালয় চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন , বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা রবিউল ইসলাম, গাংনী উপজেলা যুবলীগের সহ দফতর সম্পাদক ও সাবেক ছাত্রনেতা আব্দুল আলীম, জেলা পরিষদের সাবেক সদস্য প্রভাষক মুনসুর আলী, গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক মো: রফিক, শ্রমিকলীগ নেতা মনিরুজ্জামান মনি, স্বেচ্ছাসেবকলীগের ও রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বর আব্দুল জাব্বার, এসময় ছাত্রলীগ যুবলীগ, স্বেচ্ছাসেবকলীগ নেতাসহ আওয়ামীলীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন। পরে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

[redacted]

[redacted]

মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ শেষে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, শোক র্যালী ও আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী।

আজ মঙ্গলবার সকাল ৮টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমালা অর্পন করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি শিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী থানার পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা যুবলীগের পক্ষ থেকে গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজ, গাংনী মহিলা ডিগ্রী কলেজ, গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, গাংনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজ, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী মহিলা কলেজপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করে।

পরে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ। এসময় বক্তব্য

রাখেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি সিরাজুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছাড়াকার ইয়াসিন রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, আমিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সাংবাদিক মাজেদুল হক মানিকসহ অন্যান্যরা।

পরে রচনা প্রতিযোগীতা চিত্রাঙ্কন ও ১ মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরী প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থাপনায় ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্ট।

এর আগে সকাল ৭টার দিকে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়।

ডেঙ্গু প্রতিরোধে গাংনীতে হাঙ্গারের সচেতনতা কর্মসূচি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে।

এর অংশ হিসেবে প্রতিদিন বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবিরা একটি সচেতনতামূলক র্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

দি হাঙ্গারের স্বেচ্ছাসেবি ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য সম্বলিত প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে এ র্যালিতে অংশ নেন। দি হাঙ্গার প্রজেক্টর গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন, ভিটিআর সিরাজুল ইসলামসহ ইউনিয়ন সমন্বয়কারী ও স্থানীয় স্বেচ্ছাসেবিরা এ কর্মসূচিতে যোগ দেন।

পাশাপাশি দি হাঙ্গারের উদ্যোগে এলাকার ঝোপঝাড়, ড্রেন ও খানাখন্দে জমে থাকা পানিতে ফগার এবং স্প্রের সাহায্যে মশক নিধনের ওষুধ ছিটানো হয়। এছাড়া বিভিন্ন এলাকার পথচারী ও বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন স্বেচ্ছাসেবিরা।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন বলেন, বর্তমান সময়ে ডেঙ্গু মানুষের মাঝে আতংক তৈরী করেছে। তাই হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবি ও ইয়ূথ এন্ডিং হাঙ্গারের ছেলে মেয়েরা প্রতিটি গ্রামে গ্রামে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। বিশেষ করে উঠান বৈঠক, ঝোপ ঝাড় পরিস্কার করাসহ ডেঙ্গুবাহি মশার জিবানু ধ্বংশ করতে কাজ করছে।

গাংনীতে সৌদি প্রবাসীর স্ত্রীর বিষপানে আত্মহনন

গাংনী উপজেলার রামদেব গ্রামে উর্মিলা খাতুন (২২) নামের এক গৃহবধু বিষপান করে আত্মহত্যা করেছে। উর্মিলা খাতুন সৌদি প্রবাসী ইদ্রিস আলীর স্ত্রী।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

স্বামীর পরিবারের মানুষিক অত্যাচার সহ্য করতে না পেরে গতকাল রবিবার দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে বিষপান করে সে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে প্রথমে করমদী সন্ধানী হাসপাতালে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসার সময় পথের মধ্যে মারা যায় উর্মিলা।

এদিকে উর্মিলা মারা যাবার সাথে সাথে তার স্বামীর পরিবারের লোকজন ঘরে তালাবদ্ধ করে সবাই পালিয়ে যায়।

উর্মির্লার পিতা তেঁতুলবাড়িয়া গ্রামের রেজাউল ইসলাম বলেন,

উর্মিলার ২ বছর আগে বিয়ে হয়েছে। সে স্বামীর পরিবারেই থাকে। স্বামী বিদেশ যাওয়ার পর থেকেই শশুর শাশুড়ি তার উপর মানুষিক নির্যাতন চালিয়ে আসছে। এই নির্যাতন সহ্য করতে না পেরে আমার মেয়ে আত্মহত্যার পথ বেচে নিয়েছে।

এঘটনায় রেজাউল ইসলাম বাদী হয়ে মেয়ের শাশুড়ির পরিবালের লোকজনের নামে গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন বলে জানান তিনি।

গাংনীতে যাত্রাশিল্প পরিষদের সভাপতি আলী আজগর আর নেই

গাংনীতে যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের উপজেলা শাখার সভাপতি ও গাংনী সীমান্ত অপেরা’র সহকারী পরিচালক এবং উপজেলার গাঁড়াডোব গ্রাম আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক আলী আজগর (৫৮) মারা গেছেন।(ইন্নাইলাহি…… রাজিউন)।

আজ রবিবার মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি । তিনি বেশ কিছুদিন যাবত টাইফয়েড জ্বরে ভুগছিলেন।

আলী আজগর উপজেলার গাঁড়াডোব (পোড়াপাড়া) গ্রামের মৃত আওলাদ হোসেনের মেজো ছেলে।
রবিবার বাদ জোহর গাঁড়াডোব কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাযা শেষে নিকটস্থ গাঁড়াডোব কেন্দ্রীয় গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

মরহুম আলী আজগর তার স্ত্রী, ২ কন্যা -জামাইসহ অসংখ্য আত্মীয় ও শুভাকাঙ্খী রেখে গেছেন।

আজগর আলীর মৃত্যুতে গভীর শোক জানাতে নামাজের জানাযায় উপস্থিত থেকে মেহেরপুর-২ গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা আওয়ামীলীগের সেক্রেটারী মোখলেছুর রহমান মুকুল, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা শিল্পকলা